প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

সার্কুলার নং- ০৭/২০১৮

তারিখ: ১৯.০৩.২০১৮

বিষয় ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক মুনাফা হিসাবায়ন সংক্রান্ত।

প্রবাসী কল্যাণ ব্যাংকের ঋণ বিতরণ ও পরিচালনা ম্যানুয়ালে ত্রৈমাসিক (ডিসেম্বর, মার্চ, জুন, সেপ্টেম্বর) ভিত্তিতে মুনাফা হিসাবায়নের নির্দেশনা দেওয়া আছে। সে মোতাবেক ২০১৭-২০১৮ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক মুনাফা হিসাবায়নের নিমিত্তে আগামী ৩১.০৩.২০১৮ তারিখ ভিত্তিক সমাপ্য ত্রৈমাসিক ঋণের উপর মুনাফা হিসাবায়ন ২৯.০৩.২০১৮ তারিখে সমাপন করতে হবে। মুনাফা হিসাবায়নের কাজ যথাযথ ও নির্ভুলভাবে সম্পাদনের সুবিধার্থে কর্তৃপক্ষ নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেছেন ঃ

২.০ অভিবাসী ঋণ হিসাব ঃ এতদ্‌বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ ও পরিচালনা ম্যানুয়াল-এ বর্ণিত গাইডলাইন অনুসরণ করতে হবে। ১.০০ (এক) লক্ষ টাকার নিম্নে অভিবাসী ঋণের স্থিতির উপর ৯% ফ্ল্যাট রেটে মুনাফা হিসাবায়ন এবং ১,০০,০০০/- (এক লক্ষ) ও তদূর্ধ্ব ঋণের উপর ১১% ফ্ল্যাট রেটে মুনাফা হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে মুনাফা হিসাবায়ন করতে হবে। যে সকল ঋণ সম্পূর্ণ আদায় হয়েছে কিন্তু Software-এ Close/বন্ধ করা হয়নি সেই সকল ঋণ ২৯.০৩.২০১৮ তারিখের মধ্যে Close Account -এ যেয়ে অবশ্যই বন্ধ করতে হবে। যে সকল ঋণের বিপরীতে মামলা দায়ের হয়েছে সেই সকল হিসাবে সুদ চার্জ করা যাবে না। আইন বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাকে ঋণের বিপরীতে দায়েরকৃত মামলার তালিকা অনুযায়ী মুনাফা চার্জ বন্ধকরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসী ঋণ হিসাব (১০০০৪১০০০)		ঋণ ও অগ্রিমের উপর প্রাপ্ত মুনাফা (৩০০০১১০০১)

ব্যাংকিং সফটওয়ারে ২৯.০৩.২০১৮ তারিখে অটো মুনাফা হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Migration Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে।

৩.০ পূণর্বাসন ঋণ হিসাব ঃ এতদ্‌বিষয়ে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত ঋণ বিতরণ গাইডলাইনে উল্লেখিত বিষয় অনুসরণ করতে হবে। এক্ষেত্রে পূণর্বাসণ ঋণের স্থিতির উপর ফ্ল্যাট রেটে ১১% হারে মুনাফা হিসাবায়ন করতে হবে। এছাড়া মেয়াদোত্তীর্ণ ঋণের উপর অতিরিক্ত ৩% হারে মুনাফা হিসাবায়ন করতে হবে। যে সকল ঋণ সম্পূর্ণ আদায় হয়েছে কিন্তু Software-এ Close/বন্ধ করা হয়নি সেই সকল ঋণ ২৯.০৩.২০১৮ তারিখের মধ্যে Close Account-এ যেয়ে অবশ্যই বন্ধ করতে হবে। যে সকল ঋণের বিপরীতে মামলা দায়ের হয়েছে সেই সকল হিসাবে মুনাফা চার্জ করা যাবে না। আইন বিভাগের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাকে ঋণের বিপরীতে দায়েরকৃত মামলার তালিকা অনুযায়ী মুনাফা চার্জ বন্ধ করণের বিষয়টি নিশ্চিত করতে হবে। ভাউচার পদ্ধতি নিম্নরূপঃ

ডেবিট	বিবরণ	ক্রেডিট
পূনর্বাসন ঋণ হিসাব (১০০০৪২০০০)		ঋণ ও অগ্রিমের উপর প্রাপ্ত মুনাফা (৩০০০১১০০২

ব্যাংকিং সফটওয়ারে ২৯.০৩.২০১৮ তারিখে অটো মুনাফা হিসাবায়ন হবে বিধায় শাখাসমূহ সফটওয়ারের Reports মডিউলে গিয়ে Interest Charge list (Rehabilitation Loan) প্রিন্ট করে উপরোল্লিখিত নিয়মে ভাউচার করবে।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

19.3.18

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কেন্দ্রীয় হিসাব বিভাগ

৪.০ অভিবাসন ও পূনর্বসান ঋণের স্থগিত সুদ হিসাব স্থানান্তর ঃ গত ৩০.০৬.২০১৬ তারিখ হতে ৩১.০২.২০১৭ পর্যন্ত যে সকল ঋণ হিসাব শ্রেণীকৃত হয়েছে সেই সকল ঋণ হিসাব হতে সুদ বাবদ যে পরিমাণ অর্থ Interest Suspense/স্থগিত সুদ হিসাবে অন্তর্ভুক্ত আছে সংশ্লিষ্ট শ্রেণীকৃত ঋণ হিসাব সমূহ হতে উক্ত পরিমাণ বা তার অধিক পরিমাণ অর্থ বিগত সময়ে আদায় করা হলে শ্রেণীকৃত সময়ে জমাকৃত স্থগিত সুদ হিসাব/Interest Suspense হতে সুদ আয় খাতে ২৯.০৩.২০১৭ তারিখের মধ্যে স্থানান্তর নিশ্চিত করতে হবে। সেক্ষেত্রে অভিবাসন ও পূনর্বাসন ঋণ হিসাবের স্থগিত সুদ হিসাব স্থানান্তরের পোস্টিং ও ভাউচার প্রস্তুত নিয়মাবলী নিম্নে দেওয়া হলো:

ডেবিট	বিবরণ	ক্রেডিট
অভিবাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050201) Migration Loan		অভিবাসন ঋণের সুদ হতে আয় (300011001) Interest on Migration Loan
পূনর্বাসন ঋণ স্থগিত সুদ হিসাব (200050202) Rehabilitation Loan		পূনর্বাসন ঋণের সুদ হতে আয় (300011002) Interest on Rehabilitation Loan

ঋণ শ্রেণীকরণ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এই বিষয়টি নিশ্চিত করবেন।

19.03.18

(মোহাম্মদ রায়হান সোহেল)
বিভাগীয় প্রধান
কেন্দ্রীয় হিসাব বিভাগ

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন) মহোদয়ের দপ্তর, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য);
৪. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৫. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৬. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৭. অফিস কপি।